



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



সরকারিভাবে জর্ডান এর নিডেল ক্রাফট কোম্পানিতে মহিলা মেশিন অপারেটর ও চেকার নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.১১.০০২.২২- ২৪৫

তারিখ: ২৩.০২.২০২৬ খ্রি.

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানস্থ নিডেল ক্রাফট কোম্পানি-এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে:

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক মূল বেতন	আবেদনের মাধ্যম
০১	মেশিন অপারেটর (Machine operator)	৩৫০ (তিনশত পঞ্চাশ) জন (মহিলা)	১৩০ জর্ডানি দিনার	অনলাইন আবেদন লিংক: https://brms.boesl.gov.bd/ (অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা ও চার্জ পরিশোধ করে আবেদন করতে হবে)
০২	চেকার (Checker)	৭৫ (পচাত্তর) জন (মহিলা)		

(ক) চেকার পদের প্রার্থীদের এসএসসি /এইচএসসি (SSC/HSC) পাশ, এবং বয়স ২২-৩৫ বছরের মধ্যে হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

(খ) মেশিন অপারেটর পদের প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ২২-৩৫-এর মধ্যে হতে হবে।

চাকরির শর্তাবলি:

- চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য)।
- দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বৈচ্ছাধীন)।
- নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফিরে আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো ফৌজদারি মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।
- একাধিক পাসপোর্ট থাকলে সঞ্চে আনতে হবে।
- অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেল- এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ: নির্বাচিত কর্মীদের বোয়েসেল- এর সার্ভিস চার্জ, জীবন বীমা এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ কোম্পানি বহন করবে। মেডিকেল ফি, পিডিও ও ফিজিয়ার প্রিন্টের ফি নির্বাচিত কর্মীদের বহন করতে হবে। তবে জর্ডানে গমন করার পরে মেডিকেল ফি, পিডিও ও ফিজিয়ার প্রিন্টের ফি বাবদ খরচের টাকা কোম্পানি কর্মীকে ফেরত প্রদান করবেন।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঞ্চে আনতে হবে: (ক) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা) (খ) মূল পাসপোর্ট (গ) মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ৪ (চার) সেট রঙিন ফটোকপি (ঘ) ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন (ঙ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

ইন্টারভিউয়ের তারিখ ও বার	উপস্থিত হওয়ার সময়	ইন্টারভিউয়ের স্থান
২৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি., শুক্রবার	সকাল ৮.০০ টার মধ্যে	বাংলাদেশে কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, দারুস সালাম, মিরপুর, ঢাকা

বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) হতে গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হবে

(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল এ কোনো ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)

বোয়েসেল কোনো নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোনো নগদ অর্থ প্রদান থেকে বিরত থাকুন

তথ্যের জন্য যোগাযোগের নম্বর: ০২৪৮৩১৯১২৫ ও ০২৪৮৩১৭৫১৫ ও প্রবাস বন্ধু কল সেন্টার ১৬১৩৫ (রবিবার হতে বৃহস্পতিবার)

বি: দ্র: অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকরির নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে অবশ্যই যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

২৩/০২/২০২৬

মাসুদ আলম শরীফ
ব্যবস্থাপক (অর্থ ও হিসাব)

(বোয়েসেল কর্তৃপক্ষ)।

২৬/০২/২৬

এস এম শফিক কামাল
কোম্পানি সচিব (উপসচিব)
বোয়েসেল, ঢাকা।

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইফাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001:2015



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd